

১৭. ৪. ৮৬

ধর্মঘট চলেবে :

শিক্ষক সমন্বয় পরিষদ

(স্টাফ রিপোর্টার)

বাংলাদেশ শিক্ষক সমন্বয় পরিষদ ধর্মঘটেরত মাধ্যমিক শিক্ষক কর্মচারীদের দাবী-দাওয়া পূরণের ব্যাপারে সরকারের সঙ্গে আলোচনা চূড়ান্ত না হওয়া পর্যন্ত তাদের ধর্মঘট ও সকল কর্মসূচী অব্যাহত রাখার সিদ্ধান্ত নিয়েছে।

গতকাল দুপুরে সচিবালয়ে শিক্ষা সচিব ও শিক্ষক নেতৃবৃন্দের মধ্যে মূলতর্কী আলোচনা সভা অনুষ্ঠিত হয়। সভায় শিক্ষক নেতৃবৃন্দ ১৯৮৫-এর ১লা জুন থেকে বেসরকারী শিক্ষক কর্মচারীদের সংশোধিত পে-স্কেল প্রদানের ব্যাপারে সরকারী ঘোষণা পেলেই পর দিন থেকে ধর্মঘট প্রত্যাহার করে কাজে যোগদান করবে বলে জানান। শিক্ষা সচিব এ ব্যাপারে উদ্বর্তন কর্তৃপক্ষের সঙ্গে আলোচনা করে সরকারী সিদ্ধান্ত জানাবেন বলে সভায় উল্লেখ করেন।

শিক্ষক সংহতি পরিষদের ১০ই এপ্রিলের সমাবেশ বায়তুল মোকাররমের পরিবর্তে বিকাল তিনটায় কেন্দ্রীয় শহীদ মিনারে অনুষ্ঠিত হবে বলে এক বিজ্ঞপ্তিতে জানানো হয়।

এদিকে বাংলাদেশ শিক্ষক সমিতির (আমানুল্লাহ) এক বিবৃতিতে বলা হয় সরকারী ঘোষণার প্রেক্ষিতে গতকাল ৫ হাজার শিক্ষক, অভিভাবক ও ছাত্রা স্কুল খোলার জন্য মীরপুর এলাকায় একটি মিছিল বের করে। মিছিল শেষে আজ থেকে স্কুল খোলার প্রত্যয় ব্যক্ত করা হয়।

বাংলাদেশ সরকারী মাধ্যমিক শিক্ষক সমিতির চেয়ারম্যান জনাব মঈন আবদুল বাতেন ও সাধারণ সম্পাদক মতিউর রহমান এক বিবৃতিতে অটক বেসরকারী মাধ্যমিক শিক্ষকদের মর্যাদা এবং শিক্ষকদের ন্যায়সঙ্গত দাবী মেনে নেয়ার জন্য সরকারের প্রতি আহ্বান জানান।

বাংলাদেশ বেসরকারী মাধ্যমিক স্কুল চতুর্থ শ্রেণী কর্মচারী ইউনিয়নের এক বিবৃতিতে অবিলম্বে শিক্ষকদের মর্যাদা ও তাদের দাবী মেনে নিয়ে ধর্মঘট নিরসনের আহ্বান জানান।